

আল্লাহ এটা চান না যে তারা ক্ষমা প্রার্থনা করতে থাকবে আর তিনি তাদেরকে শাস্তি দিবেন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: " আল্লাহ এটা চান না
যে তারা ক্ষমা প্রার্থনা করতে থাকবে আর তিনি তাদেরকে শাস্তি
দিবেন।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

সূরা ৮ আনফাল, আয়াত: ৩৩

﴿ وَمَا كَانَ اللَّهُ لِيُعَذِّبَهُمْ وَأَنْتَ فِيهِمْ وَمَا كَانَ اللَّهُ مُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ ﴾ (33)

অর্থ: (হে নবী) তুমি তাদের মধ্যে থাকা অবস্থায় তাদেরকে শাস্তি
দেয়া আল্লাহর অভিপ্রায় নয়, আর আল্লাহ এটাও চান না যে, তারা
ক্ষমা প্রার্থনা করতে থাকবে অথচ তিনি তাদেরকে শাস্তি দিবেন।

একটি হাদীস:

তিরমিযী ৮/৪৭২

রাসূল(সাঃ) বলেছেন, আল্লাহ আমাদের উম্মতের জন্য নিরাপত্তার
দু'টি কারণ রেখেছেন। প্রথম হচ্ছে: তাদের মধ্যে আমার উপস্থিতি
আর দ্বিতীয় হচ্ছে: তাদের ক্ষমা প্রার্থনা। সুতরাং আমার দুনিয়া
থেকে বিদায় গ্রহণের পরেও ক্ষমা প্রার্থনা কিয়ামত পর্যন্ত
লোকদেরকে আল্লাহর আযাব থেকে রক্ষা করতে থাকবে।

আরও একটি হাদীসঃ

আহমাদ ৩/২৯

হযরত আবু সাঈদ(রাঃ) হতে বর্ণিত। রাসুল(সাঃ) বলেছেনঃ শয়তান বলেছিল, হে আল্লাহ! আপনার মর্যাদার শপথ! যে পর্যন্ত আপনার বান্দাদের দেহে রূহ থাকবে সেই পর্যন্ত আমি তাদের বিভ্রান্ত করতে থাকব। তখন আল্লাহ তা'য়লা বলেনঃ আমার ইযযাতের শপথ! যে পর্যন্ত তারা ক্ষমা প্রার্থনা করতে থাকবে, সেই পর্যন্ত আমিও তাদেরকে ক্ষমা করতে থাকব।

প্রিয় ভাই ও বোনেরা, আল্লাহ অতি মেহেরবান, পরম দয়ালু। আসুন আমরা নিয়মিত ফরজ ইবাদত এবং বেশী বেশী নফল ও সৎকাজ করতে থাকি। যত বেশী সম্ভব তওবা ও ইসেগফার করি। আশা করা যায় আল্লাহ আমাদেরকে দুনিয়া ও আখেরাতে শান্তি দিবেন না এবং আমাদেরকে চিরস্থায়ী জান্নাত দান করবেন।
আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ।

.....